

ত্রিপুরা সরকার

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর

রেশন দোকানের মাধ্যমে বিনামূল্যে চাল সরবরাহ সম্পর্কিত বিজ্ঞপ্তি

রাজ্য সরকারের সাম্প্রতিক সিদ্ধান্ত অনুযায়ী রাজ্যের ১.০৯ লক্ষ অন্ত্যোদয় অন্ন যোজনা রেশনকার্ডধারী পরিবার এবং ৪.৭০ লক্ষ প্রায়োরিটি হাউসহোল্ড রেশনকার্ডধারী ভোক্তাদের মধ্যে আগামী এপ্রিল, ২০২০ মাসের বরাদ্দকৃত চালের ৫০ শতাংশ অর্থাৎ অর্ধেক পরিমাণ চাল সম্পূর্ণ বিনামূল্যে বিতরণ করা হবে। বাদবাকি ৫০ শতাংশ চাল ভোক্তারা অন্যান্য মাসের মত ২টাকা কেজি দরে সংগ্রহ করবেন।

রাজ্যের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে এবং রাজ্যের গরিব অংশের মানুষের কাছে রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত এই সুবিধা অতিদ্রুত পৌঁছে দেবার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী ২৭শে মার্চ, ২০২০ তারিখের মধ্যে রাজ্যের ১৮১২ টি রেশন দোকানে প্রয়োজনীয় চাল পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। যার ফলে ভোক্তাগণ ২৮শে মার্চ, ২০২০ সকাল বেলা থেকেই নিজ নিজ রেশন দোকান থেকে তাদের বরাদ্দকৃত চাল সংগ্রহ করতে পারবেন।

বিনামূল্যে চাল সংগ্রহের ক্ষেত্রে কোন প্রকার অসুবিধার সম্মুখীন হলে খাদ্য দপ্তরের নিঃশুল্ক টোল ফ্রি নম্বর - ১৯৬৭ / ১৮০০-৩৪৫-৩৬৬৫ (সকাল ১১ টা থেকে ৫টা পর্যন্ত) অথবা প্রতিটি মহকুমা শাসকের অফিসে কর্মরত খাদ্য দপ্তরের আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করার জন্যে অনুরোধ করা হচ্ছে।


১২.৩.২০২০
(হিরেন্জ দেবর্মা)

অতিরিক্ত সচিব ও অধিকর্তা

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর